রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ২, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ডাক ও টেলিযোগাযোগ বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ/২৬ অক্টোবর, ২০২১ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ৩৩১-আইন/২০২১।**—বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (২০০১ সনের ১৮ নং আইন) এর ধারা ৯৮, ধারা ২১ক এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম।**—এই বিধিমালা সামাজিক দায়বদ্ধতা তহবিল বিধিমালা, ২০২১ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) **'আইন'** অর্থ বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ (২০০১ সনের ১৮ নং আইন);

(২) **'কমিশন'** অর্থ আইনের ধারা ২(৩) এ সংজ্ঞায়িত কমিশন;

(৩) **'চেয়ারম্যান'** অর্থ আইনের ধারা ২(৯) এ সংজ্ঞায়িত চেয়ারম্যান;

(৪) **'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি'** অর্থ যে কোনো প্রকারের তথ্যের উৎপত্তি, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, সঞ্চালন এবং বিচ্ছুরণে ব্যবহৃত সকল ইলেক্ট্রনিক প্রযুক্তি;

(৫) **'তফসিল'** অর্থ এই বিধিমালার তফসিল;

(৬) **'তহবিল ব্যবস্থাপনা কমিটি'** অর্থ সামাজিক দায়বদ্ধতা তহবিল ব্যবস্থাপনা কমিটি;


মূল্য : টাকা ৮.০০

(৭) **'ভাইস চেয়ারম্যান'** অর্থ আইনের ধারা ৭(১) এ উল্লিখিত ভাইস- চেয়ারম্যান;

(৮) **'সামাজিক দায়বদ্ধতা তহবিল'** অর্থ আইনের ধারা ২১ক এর অধীন গঠিত সামাজিক দায়বদ্ধতা তহবিল (Social Obligation Fund); এবং

(৯) **'সুবিধাবঞ্চিত এলাকা'** অর্থ বাংলাদেশের প্রত্যন্ত এলাকা যেখানে যোগাযোগ ও অবকাঠামোগত ব্যবস্থা অনুন্নত (যেমন: হাওড় ও বাওড় এলাকা, পাহাড়ি অঞ্চল, নদীভাঙন কবলিত এলাকা, চর অঞ্চল, দ্বীপ অঞ্চল, বনাঞ্চল ও সমূদ্র উপকূল)।

(২) এই বিধিমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহৃত হইয়াছে কিন্তু সংজ্ঞায়িত হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **তহবিল ব্যবস্থাপনা কমিটি গঠন, ইত্যাদি।**—(১) নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে তহবিল ব্যবস্থাপনা কমিটি গঠিত হইবে, যথা:—

(১) ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় বা, ক্ষেত্রমত, ডাক ও টেলিযোগাযোগ বিভাগের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী বা প্রতিমন্ত্রী বা উপমন্ত্রী, যিনি উহার সভাপতিও হইবেন;

(২) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ;

(৩) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;

(৪) চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন;

(৫) ভাইস-চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন;

(৬) অতিরিক্ত সচিব (টেলিকম), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ;

(৭) মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ;

(৮) অর্থ বিভাগ কর্তৃক মনোনীত অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি;

(৯) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড;

(১০) যুগ্মসচিব (পরিকল্পনা), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ;

(১১) অ্যাসোসিয়েশন অফ মোবাইল টেলিকম অপারেটরস অব বাংলাদেশ এর সভাপতি;

(১২) ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ এর সভাপতি;

(১৩) কমিশনের সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগের মহাপরিচালক, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(২) কমিশন তহবিল ব্যবস্থাপনা কমিটির কার্য সম্পাদনে প্রয়োজনীয় সহায়তাসহ সামাজিক দায়বদ্ধতা তহবিলের দৈনন্দিন কার্য পরিচালনা ও অন্যান্য বিষয়াদি নির্বাহের জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করিবে।

৪। **তহবিল ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব ও কার্যাবলি।**—(১) সামাজিক দায়বদ্ধতা তহবিল ব্যবস্থাপনার সম্পূর্ণ দায়িত্ব তহবিল ব্যবস্থাপনা কমিটির উপর ন্যস্ত থাকিবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত তহবিল ব্যবস্থাপনা কমিটির সামগ্রিক দায়িত্বের আওতায় নিম্নবর্ণিত কার্যাবলি অন্তর্ভুক্ত থাকিবে, যথা:—

(ক) সামাজিক দায়বদ্ধতা তহবিলের অর্থ যথাযথ ব্যবহারের লক্ষ্যে কর্মসূচি প্রণয়ন, প্রকল্প গ্রহণ ও উহা অনুমোদন;

(খ) প্রকল্প পরিবীক্ষণ ও বাস্তবায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ; এবং

(গ) সামাজিক দায়বদ্ধতা তহবিলের বাৎসরিক বাজেট অনুমোদন।

৫। **সামাজিক দায়বদ্ধতা তহবিল ও হিসাব পরিচালনা।**—(১) সামাজিক দায়বদ্ধতা তহবিলের অর্থ কমিশন কর্তৃক নির্দিষ্টকৃত কোনো তফসিলি ব্যাংকে জমা করিবার জন্য 'সামাজিক দায়বদ্ধতা তহবিল (Social Obligation Fund)' নামে একটি হিসাব থাকিবে।

(২) সামাজিক দায়বদ্ধতা তহবিলে জমাকৃত সকল অর্থ ব্যাংক হিসাবে জমা প্রদান এবং হিসাব পরিচালনার দায়িত্ব তহবিল ব্যবস্থাপনা কমিটির সদস্য-সচিবের উপর ন্যস্ত থাকিবে।

(৩) সামাজিক দায়বদ্ধতা তহবিলের ব্যাংক হিসাব কমিশনের চেয়ারম্যান বা ভাইস-চেয়ারম্যান ও তহবিল ব্যবস্থাপনা কমিটির সদস্য-সচিবের যৌথ স্বাক্ষরে পরিচালিত হইবে।

(৪) আইনের ধারা ২১ এর অধীন গঠিত 'বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন তহবিল' এবং ধারা ২১ক এর অধীন গঠিত 'সামাজিক দায়বদ্ধতা তহবিল' কোনো অবস্থায় সংমিশ্রণ বা একত্রীকরণ করা যাইবে না।

৬। **হিসাবরক্ষণ ও নিরীক্ষা প্রতিবেদন।**—(১) কমিশন সামাজিক দায়বদ্ধতা তহবিলের আয়-ব্যয়ের যথাযথ হিসাব ও সংশ্লিষ্ট রেকর্ডপত্র সংরক্ষণ করিবে।

(২) প্রত্যেক অর্থ-বৎসর শেষ হইবার পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে তহবিল ব্যবস্থাপনা কমিটির সদস্য-সচিব সামাজিক দায়বদ্ধতা তহবিলের বাৎসরিক আয়-ব্যয়ের হিসাব বিবরণী প্রস্তুত করিয়া তহবিল ব্যবস্থাপনা কমিটির নিকট উপস্থাপন করিবেন এবং তৎপরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে Bangladesh Chartered Accountants Order, 1973 (President's Order No. 2 of 1973) এর অধীন নিবন্ধিত ও তহবিল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক মনোনীত কোনো চার্টার্ড অ্যাকাউনট্যান্ট ফার্মের দ্বারা নিরীক্ষা করাইয়া উক্ত হিসাব বিবরণী ও নিরীক্ষা প্রতিবেদন সরকারের নিকট প্রেরণ ও কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করিবেন।

(৩) উপ-বিধি (২) এ বর্ণিত নিরীক্ষা ব্যতীত সামাজিক দায়বদ্ধতা তহবিলের হিসাব বিবরণী Comptroller and Auditor-General (Additional Functions) Act, 1974 (Act No. XXIV of 1974) এর section 5 এর বিধান অনুসারে বাংলদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর নিরীক্ষার এখতিয়ারভুক্ত হইবে।

৭। **চাঁদার হার।**—আইনের বিধান অনুযায়ী কমিশন হইতে লাইসেন্সপ্রাপ্ত প্রত্যেক টেলিযোগাযোগ ও বেতার-যোগাযোগ পরিচালনাকারী প্রত্যেক অর্থ-বৎসরে বার্ষিক সামগ্রিক রাজস্ব আয় হইতে লাইসেন্সে উল্লিখিত হারে সামাজিক দায়বদ্ধতা তহবিলে চাঁদা প্রদান করিবেন এবং কমিশন উক্ত চাঁদার হার, সরকারের পূর্বানুমোদনক্রমে, সময় সময়, পরিবর্তন করিতে পারিবে।

৮। **চাঁদা প্রদান পদ্ধতি ও সময়।**—কমিশন হইতে লাইসেন্সপ্রাপ্ত টেলিযোগাযোগ ও বেতার-যোগাযোগ পরিচালনাকারী লাইসেন্সে বর্ণিত সামাজিক দায়বদ্ধতা তহবিল এর কার্যকারিতার তারিখ ও শর্তানুযায়ী বিধি ৭ এ উল্লিখিত চাঁদার মোট অর্থ সামাজিক দায়বদ্ধতা তহবিলের অনুকূলে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট বা ক্রস্ড চেকের মাধ্যমে সামাজিক দায়বদ্ধতা তহবিলে জমা প্রদান করিবেন।

৯। **সামাজিক দায়বদ্ধতা তহবিলের ব্যবহার।**—(১) আইনের ধারা ২১ক এর উপ-ধারা (১) এর বিধান অনুযায়ী বাংলাদেশের টেলিযোগাযোগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সুবিধাবঞ্চিত এলাকার জনগোষ্ঠীর মধ্যে টেলিযোগাযোগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সুবিধা বিস্তৃতকরণের লক্ষ্যে তফসিলে উল্লিখিত প্রকল্পসমূহ গ্রহণ ও বাস্তবায়নের জন্য সামাজিক দায়বদ্ধতা তহবিলের অর্থ ব্যবহার করা যাইবে।

(২) সুবিধাবঞ্চিত এলাকার জনগোষ্ঠীর মধ্যে টেলিযোগাযোগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সুবিধা বিস্তৃতকরণের লক্ষ্যে তহবিল ব্যবস্থাপনা কমিটির সভাপতি কারণ উল্লেখপূর্বক জরুরি প্রয়োজনে অনুর্ধ্ব ১ (এক) কোটি টাকা প্রাক্কলিত ব্যয় সংবলিত প্রকল্প অনুমোদন করিতে পারিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন জরুরি প্রকল্প অনুমোদন করা হইলে উহা তহবিল ব্যবস্থাপনা কমিটির পরবর্তী সভায় উপস্থাপনপূর্বক অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(৪) সামাজিক দায়বদ্ধতা তহবিল হইতে তহবিল ব্যবস্থাপনা কমিটির প্রশাসনিক ব্যয় অনুমোদিত বাজেটের আওতায় নির্বাহ করা যাইবে।

১০। **উপ-কমিটি গঠন।**—এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, তহবিল ব্যবস্থাপনা কমিটি প্রয়োজনে, উহার এক বা একাধিক সদস্য এবং অন্য কোনো ব্যক্তি সমন্বয়ে প্রয়োজনীয় সংখ্যক উপ-কমিটি গঠন করিতে পারিবে এবং উক্ত উপ-কমিটির সদস্য সংখ্যা ও দায়-দায়িত্ব নির্ধারণ করিতে পারিবে।

১১। **রহিতকরণ ও হেফাজত।**—(১) সামাজিক দায়বদ্ধতা তহবিল বিধিমালা, ২০১৪, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন—

(ক) কৃত কার্যক্রম ও গৃহীত ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত ও গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(খ) গৃহীত কার্যধারা বা সূচিত কোনো কার্যক্রম অনিষ্পন্ন থাকিলে উহা এইরূপে নিষ্পন্ন করিতে হইবে যেন উহা এই বিধিমালার অধীন গৃহীত বা সূচিত হইয়াছে; এবং

(গ) জারীকৃত পরিপত্র, আদেশ, নির্দেশ বা অন্য কোনো দলিলাদি এই বিধিমালার সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, প্রয়োজনীয় অভিযোজনসহ, এইরূপে চলমান থাকিবে যেন উহা এই বিধিমালার অধীন প্রণীত বা জারি হইয়াছে।

**তফসিল**

[বিধি ২(৫) ও ৯(১) দ্রষ্টব্য]

১। ডাক ও টেলিযোগাযোগ বিষয়ক প্রকল্প।

২। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক প্রকল্প।

৩। টেলিকম সিস্টেম মনিটরিং, প্রতারণা প্রতিরোধ ও নির্ণয় সংক্রান্ত প্রকল্প।

৪। সুবিধাবঞ্চিত এলাকায় প্রাকৃতিক দুর্যোগে টেলিযোগাযোগ বা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক সংযোগ বা নেটওয়ার্ক ক্ষতিগ্রস্ত হইলে উহা দ্রুত মেরামত বা পুনরুদ্ধার সংক্রান্ত প্রকল্প।

৫। সুবিধাবঞ্চিত এলাকায় সুবিধাবঞ্চিত শিক্ষার্থীদের কল্যাণে গৃহীত বিভিন্ন ডিজিটাল প্রযুক্তি বিষয়ক প্রকল্প।

৬। সাইবার অপরাধ দমন ও প্রতিরোধের জন্য গৃহীত কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক প্রকল্প।

৭। বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীরা যে সকল বাসে যাতায়াত করে সে সকল বাসে ওয়াইফাই ইন্টারনেট সুবিধা প্রদান বিষয়ক প্রকল্প।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**মাছুমা নাছরিন**
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd